অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গ্রিন কাউন্টির থ্রুওয়ের উপরের ব্রিজ প্রতিস্থাপন করার 4.4 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরুর ঘোষণা করলেন

কটারস্কিল রোড ব্রিজ নতুন কাঠামো দ্বারা প্রতিস্থাপিত হচ্ছে

নতুন ব্রিজে নিরাপত্তা বৈশিষ্ট্য এবং বর্ধিত উলম্ব ক্লিয়ারেন্স থাকবে, 2024 সালের ফল মৌসুমে কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে গ্রিন কাউন্টির I-87 এর উপরে একটি 4.4 মিলিয়ন মার্কিন ডলারের ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের কাজ শুরু হয়েছে। ক্যাটস্কিল টাউনের কটারস্কিল রোড ব্রিজটিকে (Cauterskill Road Bridge) (মাইলপোস্ট 112.7) একটি আধুনিক কাঠামো দ্বারা প্রতিস্থাপিত করা হবে। বর্তমান ব্রিজটি 1955 সালে নির্মাণ করা হয়েছিলো এবং এটি কটারস্কিল রোডকে (কাউন্টি রুট 47) থ্রুওয়ের (I-87) উপর বহন করে। থ্রুওয়েতে প্রতিস্থাপন করা প্রয়োজন এমন 60 বছরের পুরোনো কয়েক ডজন ব্রিজের মধ্যে এটি একটি। প্রতিদিন আনুমানিক 870 যানবাহন ব্রিজটিতে যাতায়াত করে।

"আমাদের পরিবহন ব্যবস্থার নিরাপত্তা, সহনশীলতা এবং জীবনকাল উন্নত করতে নিউ ইয়র্ক আমাদের অবকাঠামোতে ঐতিহাসিক বিনিয়োগ করা অব্যাহত রেখেছে," **গভর্নর হোকল বলেন।** "এটি থ্রুওয়ে এবং স্টেটের রাস্তায় কয়েক ডজন প্রকল্পের একটি যা সম্প্রদায়সমূহকে নিরাপদে সংযুক্ত করা নিশ্চিত করবে।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি হোয়ার এস্কয়ার বলেন, "প্রকল্পটি হলো থ্রুওয়ে সিস্টেমের বয়িষ্ণু অবকাঠামোর সমাধানে কর্তৃপক্ষ কর্তৃক টোলের মার্কিন ডলার পুনরায় বিনিয়োগ করার একটি উদাহরণ। এই 70 বছর পুরোনো ব্রিজটিকে একটি নতুন কাঠামো দ্বারা প্রতিস্থাপিত করা হবে যা আধুনিক মানদণ্ড অনুসরণ করবে, নিরাপত্তা বৃদ্ধি করবে এবং মোটরচালকদের জন্য একটি অনন্ত যাত্রা অভিজ্ঞতা প্রদান করবে।"

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "গ্রিন কাউন্টিতে I-87 এর উপরে প্রায় 70 বছরের পুরোনো কটারস্কিল রোড ব্রিজ প্রতিস্থাপন করার এই বিনিয়োগটি যাত্রীদের জন্য আরো নিরাপদ একটি যাত্রা নিশ্চিত করতে এবং আমাদের স্থানীয় অবকাঠামো যাতে চরম আবহাওয়ার ফলে

সৃষ্ট সমস্যার সম্মুখীন হওয়ার জন্য আরো ভালোভাবে প্রস্তুত থাকে তা নিশ্চিত করতে সাহায্য করবে। আমাদের রাস্তা ও ব্রিজের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণকে অগ্রাধিকার প্রদান করতে থ্রুওয়ে কর্তৃপক্ষ এবং গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস ট্যাগ বলেন, "আমাদের রাস্তা ও ব্রিজের ক্রমাগত সংস্কার ও উন্নয়ন করা স্টেটের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব, এবং কটারস্কিল রোড ব্রিজ যাতে বলীয়ান ও নির্ভরযোগ্য থাকে তা নিশ্চিত করতে আমরা আরেকবার উল্লেখযোগ্য সংস্থান প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছি বলে আমি আনন্দিত। আমাদের ক্যাপিটাল রিজিয়নের অবকাঠামোতে আরো 4.4 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের জন্য আমি গভর্নর হোকল এবং তার দলের প্রতি কৃতজ্ঞ, এবং আরো বহু মিলিয়ন চালকের জন্য আমাদের ব্রিজগুলি মজবুত ও সুরক্ষিত থাকবে তা জেনে আমি খুশি।"

বিদ্যমান কাঠামোকে একটি নতুন ব্রিজ দ্বারা প্রতিস্থাপিত করা হবে যেখানে উলম্ব ক্লিয়ারেন্স 14'9" থেকে 16'8" এ বৃদ্ধি করা হবে, নিরাপত্তা গাইডরেল, স্নো ফেন্সিং, এবং একটি নতুন রাইডিং সার্ফেস থাকবে।

1 এপ্রিল থেকে, কটারস্কিল রোড ব্রিজটিতে ট্র্যাফিক চলাচল বন্ধ থাকবে এবং এর বদলে একটি 12 মাইলের ঘুরপথ গ্রহণ করতে হবে। মোটরচালকদের কটারস্কিল রোড/কাউন্টি রুট 47 নর্থ নিতে হবে, NY-23 ইস্টে ডানদিকে ঘুরতে হবে, এরপর ক্যাটস্কিলের দিকে US-9W এর সাথে মিলিত হওয়ার জন্য ডানদিকে ঘুরতে হবে, কটারস্কিল অ্যাভিনিউয়ের ডানদিকে থাকতে হবে, এরপর কটারস্কিল রোডে উঠতে ডানদিকে ঘুরতে হবে। মোটরচালকেরা নির্মাণকাজ চলাকালে থ্রুওয়েতে ধীরগতির ট্র্যাফিক বা স্টপেজের সম্মুখীন হতে পারে। ভ্যারিয়েবল মেসেজ সাইন মোটরচালকদের নির্মাণকাজের সময় ও ঘুরপথে তথ্য প্রদান করবে।

একটি প্রতিযোগিতামূলক নিলাম প্রক্রিয়ার পর প্রকল্পের ঠিকাদার হয়েছে নিউ ইয়র্কের লাথামের বেটি অ্যান্ড ক্রিং এলএলসি (Bette & Cring LLC)।2024 সালের ফল মৌসুমে নির্মাণকাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে। কাজটি আবহাওয়ার উপর নির্ভর করবে, এবং তারিখ পরিবর্তন হতে পারে।

যানবাহনের চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করতে অনুরোধ করা হয়। ওয়ার্ক জোনে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়।

একটি কর্মক্ষেত্রে শ্রমিকদের সুরক্ষা আরো বাড়ানোর জন্য, গভর্নর হোকল অটোমেটেড ওয়ার্ক জোন স্পিড এনফোর্সমেন্ট (Automated Work Zone Speed Enforcement) পাইলট প্রোগ্রাম প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন। নিরাপত্তা প্রয়োগকারী কর্মসূচিটি 2023 সালের এপ্রিল মাসে শুরু হয়ে এবং থ্রুওয়ের বিভিন্ন সক্রিয় নির্মাণ কাজের জোনে কার্যকর রয়েছে। গতিসীমার ক্যামেরা সহ ওয়ার্ক জোনে, ওয়ার্ক জোন পর্যন্ত স্পষ্ট সাইনেজ থাকবে। ওয়ার্ক জোনে লিখিত গতিসীমা লঙঘন করা মোটরচালকদের জরিমানা করা হবে। লঙঘনের জরিমানা যানবাহনের নিবন্ধিত মালিককে মেইলের মাধ্যমে প্রেরণ করা হবে। কর্মসূচির ব্যাপারে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

কর্তৃপক্ষের 2024 বাজেট তার মূলধন কর্মসূচিকে সহায়তা করার জন্য মোট 451 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা আগামী পাঁচ বছরে মূলধন প্রকল্পগুলোতে 2.4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে বলে আশা করা হচ্ছে - সম্প্রতি প্রণীত টোল সমন্বয়ের পরে 500 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি। বর্ধিত বিনিয়োগের ফলে থ্রুওয়ের 2,800 লেন মাইলের মধ্যে আনুমানিক অর্ধেকে কাজ হবে এবং একই সাথে থ্রুওয়ের 817টি ব্রিজের মধ্যে আনুমানিক 90টিতে কাজ হবে।

সর্বশেষ যাত্রার তথ্যের জন্য, মোটরচালকদেরকে থ্রুওয়ে কর্তৃপক্ষের মোবাইল অ্যাপটি ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা আইফোন এবং এন্ড্রয়েড ডিভাইসসমূহে বিনামূল্যে ডাউনলোড করার জন্য উপলভ্য আছে। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও বাস্তব সময়ের ট্র্যাফিক সম্পর্কিত সর্বশেষ তথ্যের জন্য যাত্রীরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ যাত্রী মানচিত্র (Traveler Map) ভিজিট করতে পারবে। এছাড়াও মোটরচালকেরা ট্রান্সঅ্যালার্টের (TRANSalerts) ইমেইলের জন্য সাইন আপ করতে পারবে, যা থ্রুওয়ে সংলগ্ন সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতির খবর দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন